সিনিযর সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

Senior Secretary
Internal Resources Division
and
Chairman
National Board of Revenue

# শোকবাণী

জাতীয় রাজস্ব বোর্ডের সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল এর মহাপরিচালক জনাব মোঃ আবদুল বাতেন (বয়স ৫৫) গত ২০/০৫/২০১৯খ্রিঃ তারিখ সোমবার সিঙ্গাপুর মাউন্ট এলিজাবেথ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। একজন সৎ ও নিষ্ঠাবান সহকর্মীর অকাল মৃত্যুর সংবাদে জাতীয় রাজস্ব বোর্ডের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের মধ্যে শোকের ছায়া নেমে আসে। দীর্ঘদিন কাজের অভিজ্ঞতা ও সুখ-দুঃখের স্মৃতি জড়িত এমন একজন সহকর্মী ও সহযোদ্ধাকে হারানো সত্যিই অত্যন্ত কঠিন ও হৃদয়বিদারক। জাতীয় রাজস্ব বোর্ডের সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল এর একজন সম্মানিত মহাপরিচালক হিসেবে তিনি দেশ ও সরকারের জন্য অসামান্য অবদান রেখেছেন। একজন মেধাবী কর্মকর্তা হিসেবে তিনি সহকর্মীদের স্মৃতিতে অমর হয়ে থাকবেন। রাজস্ব আহরণ ও ব্যবস্থাপনায় তার অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে।

জাতীয় রাজস্ব বোর্ড, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল এর প্রয়াত মহাপরিচালক মরহুম জনাব মোঃ আবদুল বাতেন এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ এবং তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে। আমার সাথে তার কর্মকাল খুব দীর্ঘ না হলেও তার সদাচরণ, সততা ও কর্তব্যনিষ্ঠায় আমি অভিভূত। সম্ভাবনাময় একজন অফিসারের মৃত্যুতে জাতীয় রাজস্ব বোর্ড তথা দেশের অপূরণীয় ক্ষতি হয়েছে। তথাপি মহান আল্লাহ্‌তা'লার অমোঘ বিধান মেনে নিয়ে আমরা রাব্বুল আল আমীনের কাছে প্রার্থনা করছি তিনি যেন মরহুমকে বেহেশতে দাখিল করেন। সে সাথে তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

২৬/৫/২০১৯

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা